শারীরিক অবস্থার অবনতি লাইফ সাপোর্টে মেঘমল্লার বসু



মেঘমল্লার বসু। ছবি: সংগৃহীত

ঢাকা বিশ্ববিদ্যালয় ছাত্র ইউনিয়নের সাবেক সভাপতি মেঘমল্লার বসুকে লাইফ সাপোর্টে নেওয়া হয়েছে। তিনি ঢাকা মেডিকেল কলেজ (ঢামেক) হাসপাতালে চিকিৎসাধীন।

বুধবার (৯ সেপ্টেম্বর) সন্ধ্যা সাড়ে ৭টার দিকে তার শারীরিক অবস্থার অবনতি হলে তাকে লাইফ সাপোর্টে নেওয়া হয়।

ঢামেক হাসপাতালের পরিচালক ব্রিগেডিয়ার জেনারেল মো. আসাদুজ্জামান বিষয়টি নিশ্চিত করেছেন। তিনি জানান, গতকাল বিকেল থেকেই মেঘমল্লার বসুর শারীরিক অবস্থার অবনতি হচ্ছিল। পরে তাকে আইসিইউতে নেওয়া হয়।

হাসপাতাল পরিচালক বলেন, মেঘমল্লার বসু বেশ কিছু ঘুমের ওষুধ সেবন করেছিলেন। গত রাত থেকে তার শ্বাসকষ্ট বেড়ে যাওয়ায় বুধবার সন্ধ্যায় আইসিইউ থেকে লাইফ সাপোর্টে নেওয়া হয়েছে। চিকিৎসা চলছে এবং তার অবস্থা নিয়ে চিকিৎসকেরা আশাবাদী।

LENS ASIA